আজকের কাগজ

তারিখ 01 JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

13

# সেনবাগে শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের অভিযোগ

নোয়াখালী জেলার সেনবাগ থানার ছাতারপাইয়া ইউনিয়নের পাঁচতুফা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের এক অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে প্রকাশ, বর্তমান সরকারের শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির অধীনে সরকারি নিয়ম অনুযায়ী প্রতি ছাত্রছাত্রীকে ১৫ কেজি গম দেওয়ার কথা। কিন্তু দেখা যায় পাঁচতুফা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল হাই ও স্থানীয় ইউপি সদস্য আবদুল মান্নান গ্রামের সহজ সরল অভিভাবক থেকে ১৫ কেজি গম দেবে বলে দস্তখত আদায় করে মাত্র ৬ কেজি গম প্রতি ছাত্রছাত্রীকে বিলি করে। এ ব্যাপারে স্থানীয় ইউপি সদস্য ও বিদ্যালয়ের প্রধান শিক্ষককে জিজ্ঞাসা করলে তারা জানায়, তাদের ইচ্ছামত তারা গম বিতরণ করবে। এ ব্যাপারে গত ২১ মে পাঁচতুফা গ্রামবাসী উক্ত প্রধান শিক্ষক ও উক্ত সদস্যের বিরুদ্ধে থানা নির্বাহী কর্মকর্তার কাছে এক অভিযোগ করে। তাই পাঁচতুফা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের গম আত্মসাতের বিষয়টি সঠিকভাবে তদন্ত করে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্যে এলাকাবাসী ঊর্ধ্বতন কর্মকর্তার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছেন। সেনবাগ থেকে খোরশেদ আলম।